



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
www.techedu.gov.bd

এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০২৪.৩০.০০১.১৮.১১১২

তারিখ: ২০ ডাঃ ১৪২৫

০৪ সেপ্টেম্বর ২০১৮

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি জনাব মোঃ মঈদুল ইসলাম, জামালপুর টেকনিক্যাল স্কুল ও কলেজে জুনিয়র ইনস্ট্রাক্টর (ইলেকট্রিক্যাল) পদে কর্মরত আছেন। আপনার বিরুদ্ধে প্রতিষ্ঠানের অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন না করার অভিযোগ রয়েছে।

২। আপনার ২০১৫ সালের বার্ষিক গোপনীয় প্রতিবেদনের (এসিআর) এর বিরূপ মন্তব্যের বিষয়ে অনুবেদনকারী ও প্রতিস্বাক্ষরকারীর নিকট ব্যাখ্যা জানতে চাইলে তারা জানান যে, জনাব মোঃ মঈদুল ইসলাম উক্ত প্রতিষ্ঠানে যোগদান করার পর থেকে অস্বাভাবিক আচরণ, বিভাগীয় প্রধানের সাথে অসদাচরণ ও দৃঢ়ত্বপূর্ণ ব্যবহার, ছাত্র/ছাত্রীদের সাথে শিক্ষকসুলভ আচরণ না করা, প্রতিষ্ঠানের সভায় উপস্থিত না হওয়া, সরকারি চিঠি গ্রহণ না করার মত শৃঙ্খলা বিরোধী কার্যকলাপ প্রতিনিয়তই করে আসছিলেন। যার পরিপ্রেক্ষিতে তার ২০১৫ সালের বার্ষিক গোপনীয় প্রতিবেদনে বিরূপ মন্তব্য প্রদান করা হয়েছে মর্মে প্রেরিত ব্যাখ্যায় উল্লেখ রয়েছে।

আপনার এহেন কার্যকলাপ বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম পূরণের অনুশাসনমালা ২০১২ এর আওতায় শাস্তিযোগ্য অপরাধ।

৩। এমতাবস্থায়, বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম পূরণের অনুশাসনমালা ২০১২ এর ৪.৭ বিধি মোতাবেক কেন আপনাকে অভিযুক্ত করা হবে না তার কারণ পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষে মাধ্যমে জবাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২-৯-২০১৮

ড. মোঃ নুরুল ইসলাম
পরিচালক

জনাব মোঃ মঈদুল ইসলাম, জুনিয়র ইনস্ট্রাক্টর (ইলেকট্রিক্যাল),
জামালপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ।

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০২৪.৩০.০০১.১৮.১১১২/১(৩)

তারিখ: ২০ ডাঃ ১৪২৫

০৪ সেপ্টেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অধ্যক্ষ, জামালপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ।
- ২) ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৩) সংরক্ষণ নথি।

২-৯-২০১৮

বিমল কুমার মিশ্র
সহকারী পরিচালক